

## 366483 - রমযানের দিনের বেলা করোনা (কোভিড-১৯)-এর পরীক্ষা বা নমুনায়ন করার হুকুম কি?

### প্রশ্ন

রমযানের দিনের বেলা করোনা (কোভিড-১৯)-এর পরীক্ষা বা নমুনায়ন করার হুকুম কি? এতে কি রোযা ভেঙ্গে যাবে; নাকি ভাঙ্গবে না? উল্লেখ্য, নমুনায়ন কখনও মুখ থেকে, কখনও নাক থেকে করা হয়।

### উত্তরের সংক্ষিপ্তসার

রমযানের দিনের বেলা করোনা (কোভিড-১৯) এর পরীক্ষা বা নমুনায়ন করতে কোন বাধা নেই। চাই সেটি মুখ থেকে করা হোক কিংবা নাক থেকে। কেননা নমুনায়নের স্টিকটি গলায় বা নাকে ঢুকানো রোযা ভঙ্গকারী নয়।

### প্রিয় উত্তর

রমযানের দিনের বেলা করোনা (কোভিড-১৯) এর পরীক্ষা বা নমুনায়ন করতে কোন বাধা নেই। চাই সেটি মুখ থেকে করা হোক কিংবা নাক থেকে। কেননা নমুনায়নের স্টিকটি গলায় বা নাকে ঢুকানো রোযা ভঙ্গকারী নয়।

কণ্ঠনালী ও মুখের অভ্যন্তর বলতে কি বুঝায় সেটি ফিকাহবিদ আলেমগণ নির্দিষ্ট করেছেন। যেখানে কোন কিছু পৌঁছলে রোযা ভেঙ্গে যায়। ইতিপূর্বে 312620 প্রশ্নোত্তরে সেটি আলোচনা করা হয়েছে।

যদি ধরে নেয়া হয় যে নমুনায়নের স্টিকটি কণ্ঠনালী পর্যন্ত পৌঁছে যায় তদুপরি সেটি রোযা ভঙ্গ করবে না। কেননা সেটি পানাহার নয় কিংবা পানাহারের স্ফুলাভিষিক্ত নয়। এবং স্টিকটির কোন কিছু পাকস্থলীতে পৌঁছে না। অতএব শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া ও একদল আলেমের মতানুযায়ী এটি রোযা ভঙ্গকারী নয়।

কোন বিষয়গুলো রোযা ভঙ্গ করবে না এ সম্পর্কে 'ফিকাহ একাডেমী' এর সিদ্ধান্তে এসেছে:

১৫. পাকস্থলীতে গ্যাসট্রোস্কোপ (gastroscope) ঢুকানো; যদি এর সাথে অন্য কোন দ্রবণ বা পদার্থ ঢুকানো না হয়। [একাডেমীর ম্যাগাজিন (২/১০/৪৫৩-৪৫৫) থেকে সমাপ্ত]

পাকস্থলীতে গ্যাসট্রোস্কোপ ঢুকালে সেটি কণ্ঠনালী ও গলবিল পার হয়ে পাকস্থলীতে পৌঁছে যায়। তা সত্ত্বেও সেটি রোযা ভঙ্গ করে না। অতএব, করোনার নমুনায়নের স্টিক কণ্ঠনালী পর্যন্ত ঢুকলে সেটি রোযা ভঙ্গ না করা অধিক যুক্তিযুক্ত; থাকতো নাকে ঢুকালে রোযা ভাঙ্গবে।

আরও জানতে দেখুন: [রমযানের দিনের বেলায় করোনার টিকা নিলে কি রোযা নষ্ট হবে? প্রশ্নটির উত্তর।](#)

## ইসলাম জিজ্ঞাসা ও জবাব

এটি প্রতিষ্ঠা ও পরিচালনা করেছেন:  
শাইখ মুহাম্মাদ সালিম আল-মুনাজ্জিদ

আল্লাহই সর্বত্ত্ব।